

পেরিফেরালস সংযোজনের সহজ পদ্ধতি ইউএসবি

রবাবা রাসিদী মুশতাক

ইউএসবি। ইউনিভার্সাল সিরিয়াল বাস। আরক্তের দিনের সর্বকর্মী টিপসেট। পিসির সাথে কোন পেরিফেরাল যুক্ত করতে গেলে ড্রাইভার ইনস্টলেশন, কনফিগারেশন এবং অন্যান্য যে সব ঝামেলা আগে পোহাতে হতো, ইউএসবি টিপসেটের কন্যাণে তা থেকে রেহাই পাওয়া যাবে। স্ক্যানার, ডিজিটাল ক্যামেরা, কী বোর্ড, মাউস, জয়রিক, স্পিকার কিংবা টোরেজ ডিভাইস যুক্ত করার প্রক্রিয়ায় দিনকে দিন সহজতর করে তুলছে এই ইউনিভার্সাল সিরিয়াল বাস।

অনেকগুলো সুবিধা পাওয়া যায় ইউএসবি থেকে। এর সেটআপের জন্য পিসি বুটে কোন কার্ড ডোকানোর দরকার নেই, একটি মাত্র পোর্ট থেকেই অনেকগুলো পেরিফেরাল চালানো যায়, ডাটা চলাচলের গতিও যথেষ্ট দ্রুত— হার্ড ডিসকেতে ১২ মেগাবিট।

তবে সমস্যা হলো, সব পিসিই কিছু ইউএসবি সাপোর্ট করে না। ৯৬ সালে বা তার আগে যে সব পিসি তৈরী হয়েছে, সেগুলো ইউএসবি কমপ্রায়েট না হবারই সম্ভবনা বেশী। সে সব পুরনো পিসি মালিকদের অবশ্য হতাশ হওয়ার কোন কারণ নেই, একটি ইউএসবি কার্ড কিনে পিসিআই ব্রুটে লাগিয়ে দিলেই তা ইউএসবি কমপ্যাটবল হয়ে যাবে।

আর পিসি নির্মাণের বছর যদি ১৯৯৭ বা তার পরবর্তী যে কোন সময়ে হয়, তা হলে সম্ভবতঃ সেটি ইউএসবি সাপোর্ট করে। ৯৮ সালে বা তার পরে তৈরী করা যে কোন পিসি অবশ্যই ইউএসবি

কমপ্যাটবল হবে। এ নিয়ে কোন সন্দেহ থাকলে USB.Org ওয়েব সাইটের এডালুয়েশন ইউটিলিটি ডাউনলোড করে নিলেই নিশ্চিত হওয়া যাবে।

পিসির সাথে স্ক্যানার এবং আরো কিছু পেরিফেরাল যুক্ত করতে গিয়ে ইউএসবি নিয়ে সশ্রুতি, বিতর্ক শুরু হয়েছে। কোন কোন ব্যবহারকারী অভিযোগ করছেন, একেবারে প্রথম দিকে যে সব পিসিকে ইউএসবি কমপ্রায়েট করে তৈরী করা হয়েছে, সেগুলোর সাথে পেরিফেরাল যুক্ত করতে গিয়ে ডাটা সমস্যায় পড়েছেন। অনেকে আবার জানাচ্ছেন, সাম্প্রতিক সময়ের ইউএসবি ড্রাইভারের সাথে মানানসই নয় এমন কিছু সস্তা দামের ইউএসবি যুক্ত পিসির সাথেও পেরিফেরাল ব্যবহার করা সম্ভব হচ্ছে না।

কিন্তু এমনটি ঘটছে কেন?

এর একটা কারণ হতে পারে যে প্রথম দিককার ইউএসবি কমপ্রায়েট পিসিগুলোতে আসলী ইউএসবি অপশন অন করাই হয়নি। সে সময়ের পিসি নির্মাতারা IRQ মুক্ত রাখার জন্য ক্যাটরিভেই পিসির ইউএসবি কন্ট্রোলার ডিজেবল করে রাখতো। সে সময় ইউএসবি নির্ভর পেরিফেরালসের সংখ্যা বাজারে এতো কম ছিলো যে, ইউএসবি কন্ট্রোলার অন করা না কি ডিজেবল করা-জা নিয়ে কেউ মাথা ঘামাতেনা। কিন্তু ইউএসবি ডিভাইসের সংখ্যা বাজার সাথে সাথে পুরোনো সেই উৎপাদন কৌশলগুলো ক্রমশ আলোচনায় উঠে আসছে। তাই কারো পুরোনো পিসিতে এই ধরনের কোন সমস্যা

দেখা দিলে অবশ্যই প্রথমেই বায়োস (BIOS)-বেসিক ইনপুট আউটপুট সিক্টেম) পরীক্ষা করে দেখা উচিত- ইউএসবি কন্ট্রোলার অন আছে কি না।

ইউএসবি টিপসেট নিয়ে সমস্যার আরেকটি কারণ হতে পারে এর ওপসত মান। সাইরিঞ্জ বা এএমডি প্রসেসর ব্যবহার করে যারা নো এড মাদারবোর্ড তৈরী করেন, তাদের অনেকের তৈরী পিসিতেই এমন এক ধরনের 'বাগ' থাকে যা ইউএসবি ডিভাইসকে হাই-স্পীড থেকে লো-স্পীড এনেও পরিবর্তনের ক্ষেত্রে সমস্যা তৈরী করে। এখানে বলে রাখা ভালো, তাদের সুবিধার জন্যই ইউএসবিতে স্পীড পরিবর্তনের এই সুযোগ রাখা হয়েছে। লো-এন্ড টিপসেটগুলো সিগন্যাল সিংক্রোনাইজেশন নিচেও অনেক সময় সমস্যায় পড়ে। নতুন এই ইউএসবি ডিভাইসগুলোতে অবশ্য এ সমস্যাগুলোকে সমাধান করার মতো প্রযুক্তি সংকল করা আছে।

তাই পুরনো ইউএসবি পেরিফেরালস নিয়ে যদি কোন সমস্যা দেখা দেয়, তবে অপর্যোক্ত সিষ্টেম বা বায়োস পর্যায়েই জট খুঁজে বার করতে মাদারবোর্ড প্রকৃতকারকের শরণাপন্ন হওয়া উচিত। এক্ষেত্রে ইউএসবি ডিভাইস নির্মাতা প্রতিষ্ঠানের কাছ থেকে সাহায্য নেওয়া যেতে পারে।

সবকিছু মিলিয়ে এটাই বলা চলে, ইউএসবি তৈরী হয়েছে পেরিফেরালস যুক্ত করার কাঙ্ক্ষিত নির্ভরযোগ্যতায়। কিন্তু এই প্রযুক্তিতে নিজেই এখানে পুরোপুরি স্বচ্ছ ও স্বচ্ছন্দমুক্ত নয়। ●

PC SOLUTIONS ?

visit us

DBM
COMPUTER FOR TODAY

DHAKA BUSINESS MACHINES LTD.

51 Motijheel Commercial Area (1st floor), Dhaka-1000, Bangladesh

Tel : 9565009, 9562302, 9555850 Fax : +8802-9565064

E-mail : dbmapp@bdonline.com